

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৬২৬

আগরতলা, ২ জুনাই, ২০২৪

মুখ্যমন্ত্রী যুব যোগাযোগ যোজনা (বিশেষ) ক্ষেত্রের সূচনা  
ভারতকে ডিজিট্যাল দেশ হিসেবে গড়ে তুলতে যুব সম্প্রদায়কে  
তথ্য প্রযুক্তিগত দক্ষতায় সমৃদ্ধ করতে হবে : তথ্য প্রযুক্তি মন্ত্রী



ভারতকে ডিজিট্যাল দেশ হিসেবে গড়ে তুলতে যুব সম্প্রদায়কে তথ্য প্রযুক্তিগত দক্ষতায় সমৃদ্ধ করতে হবে। তাহলেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ডিজিট্যাল ভারত গড়ার লক্ষ্যকে বাস্তবায়িত করা যাবে। এ লক্ষ্যেই কেন্দ্র ও রাজ্য সরকার একযোগে কাজ করছে। যুব সম্প্রদায়কে তথ্য প্রযুক্তিগত দক্ষতায় সমৃদ্ধ করতে ২০১৯-২০ শিক্ষাবর্ষ থেকে স্নাতক ছাত্রছাত্রীদের স্মার্টফোন ক্রয়ে সহায়তা করা হচ্ছে। আজ তথ্য প্রযুক্তি ভবনে মুখ্যমন্ত্রী যুব যোগাযোগ যোজনা (বিশেষ) প্রকল্পের সূচনা করে তথ্য প্রযুক্তি মন্ত্রী প্রণজিৎ সিংহরায় একথা বলেন। অনুষ্ঠানে তথ্য প্রযুক্তি মন্ত্রী বলেন, এখন পর্যন্ত রাজ্যের ৪০,২১৫ জন শিক্ষার্থীকে স্মার্টফোন ক্রয় করার জন্য সহায়তা দেওয়া হয়েছে। ২০২২-২৩ শিক্ষাবর্ষে রাজ্যের স্নাতকস্তরের ছাত্রছাত্রীরা এই প্রকল্পের সুবিধা থেকে বাস্তিত হয়েছিল। তাই বিশেষ উদ্যোগ নিয়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষের স্নাতকস্তরের ১২ হাজার ছাত্রছাত্রীকে মুখ্যমন্ত্রী যুব যোগাযোগ যোজনা (বিশেষ) প্রকল্পে স্মার্টফোন ক্রয়ে সহায়তা দেওয়া হবে।

অনুষ্ঠানে তথ্য প্রযুক্তি মন্ত্রী প্রণজিৎ সিংহরায় বলেন, এই প্রকল্প চালু হওয়ার পর ২০১৯-২০ শিক্ষাবর্ষে ৭,২৮৬ জন, ২০২০-২১ শিক্ষাবর্ষে ৯,৫৭৯ জন, ২০২১-২২ শিক্ষাবর্ষে ১১,৮৯২ জন এবং ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ১১,৪৫৮ জন ছাত্রছাত্রী উপকৃত হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ২০ কোটি ১১ লক্ষ টাকা। তিনি বলেন, যেকোন জিনিসেরই ভাল ও খারাপ দিক রয়েছে। নিজেদের ভবিষ্যতের কথা চিন্তা করে স্মার্টফোন পড়াশুনার জন্য ব্যবহার করতে হবে। আগামীদিনে রাজ্যের উন্নয়নে যে সকল পদক্ষেপ নেওয়া হচ্ছে তা বাস্তবায়নে রাজ্যের সমস্তস্তরের জনগণের সহযোগিতা কামনা করেন তথ্য প্রযুক্তি মন্ত্রী।

২০২২-২৩ অর্থবছরে স্নাতকস্তরের যে সকল ছাত্রছাত্রী এই সুবিধা নিতে চান তাদের [bms.tripura.gov.in](http://bms.tripura.gov.in) ওয়েবসাইটে গিয়ে নথিভুক্তকরণ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। আজ থেকে আগস্ট ২ আগস্ট, ২০২৪ পর্যন্ত এই প্রক্রিয়া চালু থাকবে। এক্ষেত্রে স্মার্টফোন ক্রয় করার জন্য ৫ হাজার টাকার আর্থিক সুবিধা পাওয়ার ক্ষেত্রে আবেদনকারীদের তাদের ছবি, রেশনকার্ড, ব্যাঙ্কের পাসবই, স্মার্টফোন ক্রয়ের ইনভয়েজের উপর সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ বা দায়িত্বপ্রাপ্ত আধিকারিকের স্বাক্ষর এবং স্নাতক অথবা সেমিস্টারস্তরের মার্কশিট ওয়েবসাইটটিতে আপলোড করতে হবে। আপলোডের পর প্রাপ্ত স্বীকৃতিপ্রাপ্তিকে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিতে হবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন তথ্য প্রযুক্তি দপ্তরের ভারপ্রাপ্ত সচিব বিশ্বশ্রী বি, অধিকর্তা জেয়া রগুল গোশন বি। অনুষ্ঠানে এই প্রকল্পের উপর একটি স্বল্প দৈর্ঘ্যের তথ্যচিত্রও প্রদর্শিত হয়। অনুষ্ঠানে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*